মুজিবনগরে নতুন ইউএনও হিসাবে পলাশ মন্ডলের যোগদান

মেহেরপুরের মুজিবনগর উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসাবে যোগদান করেছেন পলাশ মন্ডল। আজ মঙ্গলবার (৩১ ডিসেম্বর) দুপুরে তিনি এ উপজেলায় যোগদান করে প্রথমেই সংবাদকর্মীদের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।

এ সময় মুজিবনগর প্রেসক্লাবের পক্ষ থেকে তাকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

পলাশ মন্ডল ১৯৮৮ সালে খুলনা জেলায় জন্মগ্রহন করেন।

লেখাপড়া জীবনে তিনি সেন্ট জোসেফস মাধ্যমিক বিদ্যালয় থেকে ২০০৪ সালে এসএসসি শেষ করেন। সরকারি এমএম সিটি কলেজ খুলনা থেকে এইসএসসি শেষ করেন। বিএসসি (মেকানিকাল), বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক শেষ করেন।

এর পরে বিসিএস পরিক্ষা দিয়ে বিসিএস (প্রশাসন) ৩৫ ব্যাচের সদস্য হিসাবে উত্তীর্ন হন তিনি।

চাকুরী জীবনে ২০১৭ সালে সহকারী কমিশনার হিসেবে বগুড়া জেলায় যোগদান করেন।

পরবর্তিতে সহকারী কমিশনার(ভূমি) হিসাবে বালাগঞ্জ, সিলেট ও সিলেট মহানগর রাজস্ব সার্কেলে চাকুরী করেন। পরে মাগুরা জেলার মোহাম্মদপুর উপজেলায় ১ বছর ৩ মাস ইউএনও হিসাবে দায়িত্ব পালন করেন।

মুজিবনগরের নতুন ইউএনও আজগর

আলী

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে তৃতীয় পর্যায়ে আটটি বিভাগ থেকে মোট ৪৮ জন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) কে বদলি করা হয়েছে। এরমধ্যে দীর্ঘদিন যাবত মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা হিসেবে কর্তব্য পালন করা অনিমেষ বিশ্বাস রয়েছেন।

এর আগে বুধবার ৬ ডিসেম্বর জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে বদলি প্রস্তাব নির্বাচন কমিশনে পাঠানো হলে ৭ ডিসেম্বর বৃহস্পতিবার নির্বাচন কমিশন প্রস্তাবিত বদলির তালিকায় সম্মতি জ্ঞাপন করে।

প্রজ্ঞাপন সূত্র থেকে জানা গেছে, নড়াইল জেলার লোহাগড়া উপজেলার নির্বাহী কর্মকর্তা মোঃ আজগর আলীকে মুজিবনগর এবং অনিমেষ বিশ্বাসকে লোহাগাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা হিসেবে প্রদান করা হয়েছে।